উ

উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের অক্টোবর'২০২৩ মাসের মাসিক সাধারণ সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩১/১০/২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে অক্টোবর'২০২৩ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

২৫.১০.২৩

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২৩-৮৭৪

তারিখ ঃ ০৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ......................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

২৫.১০.২৩
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর অক্টোবর'২০২৩ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ৩১ অক্টোবর'২০২৩ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

**আলোচ্য সূচী** ঃ ১। গত সেপ্টেম্বর'২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় সেপ্টেম্বর'২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থবছরে চলতি মাসে ১৫০ টি গাভী ও ৫০ টি মহিষ কৃত্রিম প্রজনন করা হয়েছে। ৯১৬ টি গবাদি পশুকে ও ৪১৬১টি হাঁস-মুরগী চিকিৎসা প্রদান করা হয়। গবাদি পশুকে ২৭৫০ মাত্রা টিকা প্রদান ও ১২৫০০ মাত্রা হাঁস-মুরগীকে টিকা প্রদান করা হয়। পিপিআর ও ক্ষুরারোগ প্রকল্পের মাধ্যমে ২৫৬০০ ছাগল ও ভেড়াকে টিকা প্রদান করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের ৭নং ওয়ার্ডের জলাবদ্ধ এলাকার পানি নিষ্কাশনের জন্য বরেন্দ্র বহুমুখী কর্তৃপক্ষের প্রকৌশলীকে দায়িত্ব দেয়া যেতে পারে। পানি নিষ্কাশন করা হলে আগাম রবি ফসল করা যাবে। ফসলের নিবিড়তা বৃদ্ধি পাবে। গ্রীষ্মকালীন আগাম পেঁয়াজ আবাদ বৃদ্ধিও জনর্য ৬০ জন কৃষক কৃষি প্রণোদনার আওতায় বীজ, সার ও অন্যান্য উপকরণ দেওয়া হয়েছে। মাঠে রবি ফসল চাষাবাদ শুরু হয়েছে। উপজেলায় সারের কোন ঘাটতি নাই।<br>উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের নয়াচর মৌজায় জলাবদ্ধতার কারণে ১৫০ একর জমি অনাবাদী হয়ে পড়েছে। ফলে এলাকার কৃষকগণ ক্ষতিগ্রস্থ হচ্ছে। উক্ত এলাকার জলাবদ্ধতা নিরসন করতে পারলে ১৫০ একর জমি ৩ ফসলির আওতায় আসবে। ফলে প্রায় ১০০০ কৃষক পরিবার উপকৃত হবে। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ রাজিবপুর এবং রৌমারী উপজেলায় এলএলপি'র মাধ্যমে সেচ কার্যক্রম এবং জলাবদ্ধতা নিরসন নিয়ে কাজ করছে। বর্তমানে ভূ-পরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার ও বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলায় সেচ সম্প্রসারণ" প্রকল্পের কার্যক্রম | যেহেতু প্রায় ১০ বছর যাবৎ নয়াচর এলাকাটি জলাবদ্ধতার কারণে কৃষক ক্ষতিগ্রস্থ হচ্ছে, সেজন্য বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ তাদের চলমান প্রকল্প ভূ-পরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার ও বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্প-এর মাধ্যমে নয়াচর এলাকার জলাবদ্ধতা নিরসনে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর।<br>২। সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রৌমারী জোন, কুড়িগ্রাম। |



চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান আছে। উক্ত প্রকল্পের মাধ্যমে নয়াচর মৌজার জলাবদ্ধতা নিরসনের কার্যক্রম গ্রহণ করা অথবা নতুন কর্মসুচির আওতায় নয়াচর এলাকার জলাবদ্ধ পানি ভূ-গর্ভস্থ পাইপ লাইন নির্মাণের মাধ্যমে নদীতে নিষ্কাশনের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/নিষ্কাশন নালা নির্মাণের উদ্যোগ গ্রহণ এবং চর রাজিবপুর উপজেলার বিভিন্ন সুবিধাজনক স্থানে সেচ প্রদানের নিমিত্তে এলএলপি স্থাপনের করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০৩ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বাসাবাড়ী ভাড়া আদায় বিষয়ে তাগিদ প্রদান করা হয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>**সড়ক উন্নয়ন ঃ**<br>১। তালুকদার ভিটা-আরএফবি সড়ক চেইনেজ ০০ মি.-১৫১০ মি.) কার্পেটিং দ্বারা উন্নয়ন করণ।<br>২। বালিয়ামারী জিসি-স্লুইচ গেইট নিকটবর্তী আরএইচডি সড়ক ভায়া মিয়া পাড়া রাস্তা (চেইনেজ ১৫০০ মি.-২৮৩০ মি.) কার্পেটিং দ্বারা উন্নয়ন করণ।<br>৩। বড়বেড় প্রাথমিক বিদ্যাঃ হতে আমখাওয়া ঘাট চেইনেজ ০০ মি.-২৫০ মি.) কার্পেটিং দ্বারা উন্নয়ন করণ।<br>৪। UZR নং ২০০৩ শিমুলতলা-UNR নং ৩০১০ আমির চাদের বাড়ী ভায়া এতিম খানা Non-GPS চেইনেজ ৫০০ মি.- ১০৬০ মি.) কার্পেটিং দ্বারা উন্নয়ন করণ।<br>**ব্রীজ/কালভার্ট নির্মাণ ঃ**<br>১। কোদালকাটি ইউনিয়নে ০৪ নং ওয়ার্ড চর সাজাই (উত্তর) মন্ডল পাড়া-যাদুর চর কলেজ সড়ক-এর চর সাজাই (উত্তর) মজিবরের বাড়ীর নিকট কালভার্ট নির্মাণ।<br>**আরসিসি ড্রেন নির্মাণ ঃ**<br>১। রাজিবপুর বাজার ইন্টারনাল ড্রেন এবং রাজিবপুর বাজার হাইস্কুল মোড় হতে রাজিবপুর ফেরীঘাট পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ।<br>**পাবলিক টয়লেট নির্মাণ ঃ**<br>১। রাজিবপুর ইউনিয়নের রাজিবপুর বটতলা বাজার বাসষ্ট্যান্ড পয়েন্টে ০১টি পাবলিক টয়লেট নির্মাণ।<br>২। মোহনগঞ্জ ইউনিয়নের মোহনগঞ্জ নতুন বাজারে ০১টি পাবলিক টয়লেট নির্মাণ।<br>৩। কোদালকাটি ইউনিয়নের পাখিউড়া বাজারে ০১টি পাবলিক টয়লেট নির্মাণ।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে নিম্নবর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়ন করা প্রয়োজন। সভায় সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করা যেতে পারে।<br>**হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের প্রকল্প ঃ**<br>০১। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের এলজিইডি রোড নং-২০০৪ হতে | ০১। উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় উল্লেখিত প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০৩। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাংস হাট পর্যন্ত (আশা হোটেল গলি) আরসিসি করণ।<br>০২। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের আরএইচডি রোড হতে মাছ বাজার পর্যন্ত (পান হাট গলি) আরসিসি করণ।<br>০৩। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের আরএইচডি রোড ডাচবাংলা এজেন্ট ব্যাংক হতে আশা হোটেলের সামন পর্যন্ত (ইলেকট্রনিক্স দোকান গলি) আর সিসিকরণ।<br>০৪। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের আরএইচডি রোড হতে সার হাটি পর্যন্ত (মফিজুলের দোকানের গলি) আরসিসি করণ।<br>০৫। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের পাট হাটি রোডে প্লাটফর্ম আরসিসি করণ।<br>০৬। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারে পানি নিষ্কাশনের জন্য মাছ হাটি, পাট হাটি, সবজি হাটি ড্রেন পরিস্কার ও ড্রেন নির্মাণ করণ।<br>০৭। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের পানি নিষ্কাশনের জন্য আরএইচডি রোড হতে মাছ হাটি পর্যন্ত (পান হাটি গলি) ড্রেন নির্মাণ, পরিস্কার ও মেরামত করণ।<br>০৮। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের পানি নিষ্কাশনের জন্য আরএইচডি রোড নং ২০০৪ হতে মাছ হাটি (আশা হোটেল গলি) পর্যন্ত ড্রেন নির্মাণ পরিস্কার ও মেরামতকরণ।<br>০৯। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন কোদালকাটি হাট-বাজারের পানি নিষ্কাশনের জন্য আজিবরের চায়ের দোকানের সামনে হতে কসমেটিকস দোকান হতে রহমান হোটেলের পিছন সাইট পর্যন্ত ড্রেন নির্মাণ করণ চেইনেজ ০০ মিঃ - ১৫০ মিঃ।<br>১০। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন কোদালকাটি হাট-বাজারে আজিবরের চায়ের দোকানের সামনে হতে কসমেটিকস দোকান পর্যন্ত রাস্তা সিসি করণ।<br>১১। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের এলজিইডি রোড নং-২০০৫ হতে কাপড় হাটি পর্যন্ত (চাউল হাটি গলি) আরসিসি করণ।<br>১২। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের আরএইচডি রোড হতে জাহাঙ্গীর স্টুডিও পর্যন্ত (হাইস্কুল রোড) আরসিসি করণ।<br>১৩। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন বালিয়ামারী হাট-বাজারে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ, পরিষ্কার ও মেরামত করণ।<br>১৪। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারের আরএইচডি রোড হতে সামনে হাই স্কুলের সীমানার পূর্বদিক পর্যন্ত (কাপড় হাটি গলি আরসিসি করণ।<br>১৫। কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন রাজিবপুর হাট-বাজারে পানি নিষ্কাশনের জন্য রাজিবপুর হাইস্কুল হতে আরএইচডি রোড পর্যন্ত (কাপড় হাটি গলি) ড্রেন নির্মাণ, পরিস্কার ও মেরামত করণ।<br>বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |





CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মানবসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৪০টি বাড়ীর ১টি করে পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। আগামী ২৫ নভেম্বর তারিখের মধ্যে ১৫টি পানির উৎস হস্তান্তর করা যাবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ রোগী যেন স্বাস্থ্যসেবা সঠিকভাবে পায় সেজন্য ডাঃ সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সুখি, আপন, কনডম, ইনজেকশন, সিরিঞ্জ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর ও কাবিখা কর্মসুচির প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করে দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এইচবিবি করণ প্রকল্পের দরপত্র মূল্যায়ন চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান দ্বিতীয় ও চতুর্থ শ্রেণীর বই এখনও পাওয়া যায়নি। কয়েকটি বিদ্যালয়ের পরিত্যাক্ত ও অকেজো মালামাল এবং গাছ নিলাম প্রয়োজন। উপজেলা প্রকৌলী ও ফরেস্টার কর্তৃক মূল্য নির্ধারণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থবছরে ৪টি ব্যাচের বাজেট পাওয়অ গেছে। ইতিমধ্যে ৪টি ব্যাচ প্রশিক্ষণ করানো হয়েছে। এছাড়াও অন্য প্রকল্পের ২০ জনকে প্রশিক্ষণ করানো হবে। তাদের বায়োগ্যাস প্লান্ট তৈরীর জন্য ঋণ প্রদান করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা অফিসারসহ মোট ০৫ জন কর্মী মিলে একটি মাত্র রুমে অফিস কার্যপরিচালনা করা হচ্ছে। একটি রুমে ০৫ জন কর্মীর চেয়ার টেবিল বসানোর কোন সুযোগ নেই। সমবায় অফিসে কোন ওয়াসরুম নেই। অফিসের মধ্যে একটি সরকারী মোটর সাইকেল থাকে কিন্তু অফিসের দরজা প্রায় নষ্ট। এমতাবস্থায় অফিসের একটি রুম বৃদ্ধি করে এটাস্ট ওয়াসরুম নির্মাণসহ অফিসের দরজা মেরামতের জন্য জোর আবেদন জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা পল্লী উন্নয়ন ভবনের ছাদ সংলগ্ন দুটি মেহগনি গাছ কর্তনের জন্য আবেদনের প্রেক্ষিতে বনবিভাগ কর্তৃক মূল্য নির্ধারণ সম্পন্ন হয়েছে। এখন নিলাম কমিটি উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে গাছ কর্তনের ব্যবস্থা করলে ভবনের ছাদটি সুরক্ষিত থাকবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থবছরে চর রাজিবপুর উপজেলার জনগণের মাঝে বিতরণ করার জন্য ৫,০০০টি ফলজ, বনজ ও ভেষজ চারা রাজস্ব খাতের অর্থ ব্যয়ে উত্তোলন করা হবে। চারা উত্তোলন কাজ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪ সালের এবতেদায়ী ১ম হইতে ৫ম, দাখিল ৬ষ্ঠ হতে দাখিল ৯ম এবং বিদ্যালয়ের ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণীর বিনামূল্যের পাঠ্য পুস্তক সরকারীভাবে বিভিন্ন প্রকাশনার মাধ্যমে সংগ্রহ ও বিতরণের কাজ চলমান। জাতীয় শিক্ষাক্রম রুপরেখা/২০২১ এর নতুন কারিকুলাম ২০২৩ সালে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে সফলভাবে বাস্তবায়িত হচ্ছে এবং তারই তাধাবাহিকতায় ২০২৪ সাল হইতে ৮ম ও ৯ম শ্রেণীতে নতুন কারিকুলাম অনুযায়ী পাঠদান করার লক্ষে আনুষ্ঠনিকতার কাজ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের আপ্যায়ন ও উপজেলা স্থায়ী কমিটির আপ্যায়ন বাবদ ব্যয় =৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা।<br>০৩। অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×৩০ দিন) =১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা।<br>০৬। অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×৩০ দিন) =১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা।<br>০৭। অক্টোবর/২০২৩ মাসে উপজেলা পরিষদের জীপ | ০১। ২০২৩-২৪ অর্থ বছরে অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০১৯-২০ থেকে ২০২১-২২ অর্থবছরের অডিট আপত্তিকৃত বার্ষিক উন্নয়ন কর্মসুচির (এডিপি) ও হাট-বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ =১২,৮৮,৩৩৪/- (বার লক্ষ আটাশি হাজার তিনশত চৌত্রিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জমাকৃত টাকা হতে সরকারী কোষাগারে নির্দিষ্ট কোডে জমা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |



চলমান পাতা-৬

| | | | | |
|---|---|---|---|---|
| | | গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৮। উপজেলা পরিষদ চত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের বেতন (২৫০×৩১ দিন) =৭,৭৫০/- (সাত হাজার সাতশত পঞ্চাশ) টাকা।<br>০৯। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে আর্থিক সহায়তা প্রদানের জন্য ব্যয় =৬০,০০০/- (ষাট হাজার) টাকা।<br>১০। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৪/১০/২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৪০.১৪-৫৭২ নং স্মারক পত্রের আলোকে ২০১৯-২০ থেকে ২০২১-২২ অর্থবছরের অডিট আপত্তিকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ও হাট-বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ =১২,৮৮,৩৩৪/- (বার লক্ষ আটাশি হাজার তিনশত চৌত্রিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জমাকৃত টাকা হতে সরকারী কোষাগারে নির্দিষ্ট কোডে জমা প্রদানের জন্য অনুমোদন পাওয়া গেছে। সভার সিদ্ধান্ত মোতাবেক =১২,৮৮,৩৩৪/- (বার লক্ষ আটাশি হাজার তিনশত চৌত্রিশ) টাকা সরকারী কোষাগারে নির্দিষ্ট কোডে জমা প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান টিসিবি ও ভিডব্লিউবি খাতে চাল বিতরণ কার্যক্রম চলমান। আগামী নভেম্বর/২৩ মাসে খাদ্য বান্ধব কর্মসুচির চাল বিতরণ হবে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণের ০৯টি ব্যাচের বরাদ্দ এসেছিল। ০৩ দিনে ০১টি ব্যাচ। প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৩০ জন। যাহা সম্পন্ন করা হয়েছে। প্রাক-প্রাথমিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণে ৩৬ জনের বরাদ্দ এসেছে। যাহা দুটি ব্যাচে অনুষ্ঠিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | রাজিবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর ইউনিয়নের বালিয়ামারী হাট-বাজার ও রাজিবপুর হাট-বাজারের গলির বিভিন্ন রাস্তা, পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ ও সংস্কার করা প্রয়োজন। হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে উল্লেখিত কাজ বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান-কে অনুরোধ করেন। | হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে রাজিবপুর ইউনিয়নের বালিয়ামারী হাট-বাজার ও রাজিবপুর হাট-বাজারের গলির বিভিন্ন রাস্তা, পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ ও সংস্কার করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি, চর রাজিবপুর<br>২। চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, কোদালকাটি ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান কোদালকাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পশ্চিম পার্শ্বে রাস্তায় মাটি ভরাটসহ গাইড ওয়াল নির্মাণ করা প্রয়োজন। আনন্দ বাজারের উত্তর পার্শ্বে গুচ্ছগ্রামের পশ্চিম পার্শ্বে ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। ২টি কমিউনিটি ক্লিনিকে ল্যাট্রিন | ১। বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে কোদালকাটি ইউনিয়নের | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কমিটি<br>০২। হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি, চর রাজিবপুর<br>০৩। চেয়ারম্যান, |



চলমান পাতা-৭

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্মাণ করা প্রয়োজন। পাখিউড়া বাজার হইতে পশ্চিম দিকে কোদালকাটি খেয়া ঘাট পর্যন্ত রাস্তা মেরামত করা প্রয়োজন। হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে কোদালকাটি ইউনিয়নের কোদালকাটি হাট-বাজারের গলির বিভিন্ন রাস্তা ও হাটশেড নির্মাণ ও মেরামত করা প্রয়োজন। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় । | কোদালকাটি হাট-বাজারের গলির বিভিন্ন রাস্তা ও হাটশেড নির্মাণ ও মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। কোদালকাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভবাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় । | ০১। মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ-এর শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কমিটি ০২। চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান যে, রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। তিনি আরও জানান আগামী জাতীয় সংসদ নির্বাচনে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | মাদক, চোরাচালান ও অন্যান্য সকল বিষয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পরিসংখ্যান অফিসের ভবন খুবই ঝুকিপুর্ণ। ভবনটি মেরামত করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের ঋণ আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য আপা: সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |

চলমান পাতা-৮



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রতিটি সরকারী অফিস এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করতে হবে। স্মার্ট বাংলাদেশ গঠনে পেপারলেস অফিস গঠনে ডি-নথির ব্যবহার করতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |
| ১৮(১৯) | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ ও সভাপতি বাংলাদেশ আওয়ামীলীগ, চর রাজিবপুর শাখা সভায় জানান আগামী সংসদ নির্বাচনে নাশকতা রক্ষার্থে সকল-কে সোচ্চার থাকার জন্য অনুরোধ করেন। | নাশকতা রক্ষার্থে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর ও চুষমারা থানা, চর রাজিবপুর |
| ১৮(২০) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চর রাজিবপুর |
| ১৮(২১) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

১৮(২২) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদে ০১টি অচল নৌকা আছে। উক্ত নৌকা মেরামত করে সচল করা হয়েছে। উক্ত নৌকার নিরাপত্তা ও চালানোর জন্য একজন মাঝি প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ শাকিল মিয়া, পিতা- মোঃ নঈমুদ্দিন, মাতা-মোছঃ শামছুন্নাহার, গ্রাম-সাজাই, ডাকঘর-কোদালকাটি, উপজেলা-চর রাজিবপুর, জেলা-কুড়িগ্রাম-কে উপজেলা পরিষদের নৌকার নিরাপত্তা ও চালানোর জন্য মজুরীর ভিত্তিতে মাঝি হিসেবে নিয়োজিত করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের নৌকার নিরাপত্তা ও চালানোর জন্য মাসিক =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ভাতা হিসেবে মজুরী প্রদান সাপেক্ষে জনাব মোঃ শাকিল মিয়া, পিতা- মোঃ নঈমুদ্দিন, মাতা-মোছঃ শামছুন্নাহার, গ্রাম-সাজাই, ডাকঘর-কোদালকাটি, উপজেলা-চর রাজিবপুর, জেলা-কুড়িগ্রাম-কে মাঝি হিসেবে নিয়োজিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

চলমান পাতা-৯



CamScanner

১৮(২৩) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের সম্পত্তি অবৈধ দখলদার উচ্ছেদ করা প্রয়োজন। উপজেলা পরিষদের সম্পত্তি (হ্যালিপ্যাড ও সুপার মার্কেট-২ এর জায়গা) অবৈধ দখলদার উচ্ছেদ করার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি), চর রাজিবপুর-কে পত্র দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৩-৮৮৪

তারিখ ঃ ১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। ........................................................................................... কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
১০। অফিস কপি।

৩১.১০.২৩

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
মোবাইল নং-০১৭০৯-৯৭৪৫০৮
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd



CamScanner

## উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর অক্টোবর'২০২৩ খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্য ও দাপ্তরিক কর্মকর্তাগণের স্বাক্ষর ঃ

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তারিখ ঃ ৩১/১০/২০২৩ খ্রিঃ।

| ক্রঃ নং | নাম ও পদবী (জেষ্ঠ্যতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০২ | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |
| ০৩ | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা,<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৪ | জনাব মোঃ আমিনুল ইসলাম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |
| ০৫ | জনাব মোছাঃ জায়েদা আমিন<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | জায়েদা | | |
| ০৬ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৭ | জনাব মিরন মোঃ ইলিয়াস<br>চেয়ারম্যান, রাজিবপুর ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | [signature] | |
| ০৮ | জনাব মোঃ হুমায়ুন কবির<br>চেয়ারম্যান, কোদালকাটি ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |
| ০৯ | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |
| ১১ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |
| ১৩ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | [signature] | | |

চলমান পাতা-২



CamScanner

| ক্রঃ নং | নাম ও পদবী (জৈষ্ঠ্যতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৭ | উপজেলা শিক্ষা অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২০ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২১ | সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২২ | উপজেলা সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৫ | ফরেস্টার, উপজেলা বনায়ন নার্সারী<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |





CamScanner

| ক্রঃ নং | নাম ও পদবী (জৈষ্ঠ্যতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২৮ | জনাব মোঃ আঃ হাই সরকার, সভাপতি বাংলাদেশ আওয়ামীলীগ, চর রাজিবপুর উপজেলা শাখা, কুড়িগ্রাম। | | | |
| ২৯ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩০ | চেয়ারম্যান বি.আর.ডি.বি, চর রাজিবপুর | | | |
| ৩১ | উপজেলা নির্বাচন কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম | | | |
| ৩২ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৩ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৪ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৫ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৬ | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি, জামালপুর | | | |
| ৩৭ | কোম্পানী কমান্ডার বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৮ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ি আমার খামার প্রকল্প চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৯ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৪০ | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |